

## TLC-এর কার্যক্রম

- লাইসেন্স করা (Long Island City)
  - শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের ভিত্তিতে সোমবার, বুধবার এবং শুক্রবার সকাল ৪টা থেকে বিকেল ৪টা পর্যন্ত অফিস খোলা থাকবে।
  - একটি অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে [NYC TLC অনলাইন অ্যাপয়েন্টমেন্ট সিস্টেম](#) ভিজিট করুন।
  - **বিদ্যমান অ্যাপয়েন্টমেন্ট:** বিদ্যমান অ্যাপয়েন্টমেন্টধারীদেরকে সেবা প্রদান করা অব্যাহত থাকবে। যদি আপনার অ্যাপয়েন্টমেন্ট বাতিল করা বা পুনরায় নির্ধারণের প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে আপনাকে প্রদত্ত অ্যাপয়েন্টমেন্ট নিশ্চিতকরণ ইমেইলের নির্দেশনা অনুসরণ করুন।
  - **অনলাইনে তথ্য এবং লেনদেন:** নিচের যেকোনো তথ্যের জন্য অনুগ্রহ করে TLC অনলাইনে যোগাযোগ করুন:
    - আপনার লাইসেন্সের অবস্থা, আবেদনের তারিখ, মেয়াদ শেষ হওয়ার তারিখ, আসন্ন মাদকদ্রব্য পরীক্ষা এবং অন্যান্য শর্তাবলি জানতে দিনরাত ২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিন [TLC UP](#) ওয়েবসাইট ভিজিট করুন।
    - আপনার সাথে যোগাযোগ করার তথ্য হালনাগাদ করতে অনুগ্রহ করে দিনরাত ২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিন [LARS](#) ওয়েবসাইট ভিজিট করুন।
    - এখনো কোনো প্রশ্ন রয়েছে বা সহায়তা প্রয়োজন? দূরবর্তী অবস্থান থেকে আপনার প্রশ্নের উত্তর দিতে TLC কর্মীবৃন্দ সর্বদাই প্রস্তুত রয়েছেন। অনুগ্রহ করে [licensinginquiries@tlc.nyc.gov](mailto:licensinginquiries@tlc.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন অথবা সোমবার থেকে শুক্রবার সকাল ৪:৩০ থেকে বিকেল ৪টা পর্যন্ত TLC কল সেন্টারে কল করুন:
      - লাইসেন্স এবং আবেদন সংক্রান্ত প্রশ্নের জন্য: (718) 391-5501
      - সমন জারি এবং নিষ্পত্তি সংক্রান্ত প্রশ্নের জন্য: (718) 391-5584
- প্রসিকিউশন (Long Island City)
  - **শুনানি:** OATH খোলা রয়েছে তবে নতুন শুনানির জন্য আবেদন করে এমন ব্যক্তিদের শুনানির সময়সূচি পুনরায় নির্ধারণ করছে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে [OATH ওয়েবসাইট](#) ভিজিট করুন।
  - **TLC নিষ্পত্তি:** নিষ্পত্তি সংক্রান্ত সকল আবেদনসমূহ অনুগ্রহ করে [settlements@tlc.nyc.gov](mailto:settlements@tlc.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন। ওয়েটিং রুমে উপস্থিত ব্যক্তির সংখ্যা হ্রাস করতে, TLC-এর LIC অফিসে নিষ্পত্তির জন্য এসেছেন এমন ব্যক্তিদেরকে অন্য কোনো দিন বা সময়ে আবার আসার জন্য বলা হতে পারে। দূরবর্তী অবস্থান থেকে নিষ্পত্তি সমাধান করতে প্রসিকিউশন কর্মীবৃন্দ সর্বদাই প্রস্তুত রয়েছেন।
- গাড়ি পরিদর্শন (Woodside)
  - **গাড়ি পরিদর্শন:** Woodside-এ অবস্থিত TLC-এর গাড়ি পরিদর্শন ফ্যাসিলিটি খোলা রয়েছে এবং কার্যক্রম চলছে। অ্যাপয়েন্টমেন্টধারী গাড়ির মালিকদেরকে নির্ধারিত সময়ে পরিদর্শনের জন্য উপস্থিত হতে হবে। লস্কনের নোটিশধারী গাড়ির মালিকদেরকে ত্রুটি সংশোধন করতে হবে এবং নোটিশের নির্দেশ অনুযায়ী পুনরায় পরিদর্শনের জন্য উপস্থিত হতে হবে।
- Beaver Street-এ অবস্থিত TLC-এর ফ্যাসিলিটি শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের ভিত্তিতে সাক্ষাতের জন্য খোলা রয়েছে।
- Staten Island-এ অবস্থিত TLC-এর অফিসটি শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের ভিত্তিতে বুধবার সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত খোলা থাকবে।